

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৬০

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচেছদঃ কাঁধ পর্যন্ত চুল এবং চুল রাখা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي الْجُمَّةِ وَاتِّخَاذِ الشَّعَرِ

আরবী

حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَة، حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ التَّقَفِيُّ، عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم رَبْعَةً لَيْسَ بِالطَّويلِ وَلاَ بِالْقَصِيرِ حَسَنَ الْجِسْمِ أَسْمَرَ اللَّوْنِ وَكَانَ شَعْرُهُ لَيْسَ بِجَعْدٍ وَلاَ سَبْطٍ إِذَا مَشَى يَتَكَفَّأُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ اللَّوْنِ وَكَانَ شَعْرُهُ لَيْسَ بِجَعْدٍ وَلاَ سَبْطٍ إِذَا مَشَى يَتَكَفَّأُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَائِشَة وَالْبَرَاءِ وَأَبِي هُرَيْرَةَ وَابْنِ عَبَّاسٍ وَأَبِي سَعِيدٍ وَجَابِرٍ وَوَائِلِ بْنِ حُجْرٍ وَأُمِّ هَانِئٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ مِنْ حَدِيثِ حُمَيْدٍ .

বাংলা

১৭৬০। হুমায়দ ইবনু মাসআদা (রহঃ) ... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন মধ্যম আকৃতির, বেশী দীর্ঘাঙ্গী ছিলেন না আবার খর্বও ছিলেন না; সুষম দেহ ও রক্তিমাভ শ্বেত বর্ণের অধিকারী। তাঁর চুল খুব কুকড়ানোও ছিল না আবার একেবারে সোজাও ছিল না। তিনি যখন হাটতেন তখন সামনের দিকে ঝুকে হাটতেন। সহীহ, মুখতাসার শামাইল ১, ২, নাসাঙ্গী, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৫৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা, বারা, আবূ হুরায়রা, ইবনু আব্বাস, আবূ সাঈদ, ওয়াইল ইবনু হুজর, জাবির ও উম্মু হানী রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি হুমায়দের সূত্রে বর্ণিত রিওয়ায়াত হিসাবে হাসান-গারীব-সহীহ।

English

Narrated Anas:

"The Messenger of Allah (ﷺ) was of average height, neither tall nor very short, he had a good build, brown in complexion, his hair was neither curly



nor straight, and when he walked he swayed slightly."

He said: There are narration on this topic from 'Aishah, Al-Bara', Abu Hurairah, Ibn 'Abbas, Abu Sa'eed, Jabir, Wa'il bin Hujr, and Umm Hani'.

[Abu 'Eisa said:] The Hadith of Anas is a Hasan Sahih Gharib Hadith from this route, as a narration of Humaid.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন